

# মচরাচর জিজ্ঞাসিত প্রশ্নসমূহ

## ১. সুরক্ষা ভিসা কী?

সুরক্ষা ভিসা হল এমন ব্যক্তির (কিংবা তাদের পরিবারের) জন্য যারা প্রকৃত অর্থে গুরুতর ক্ষতির ঝুঁকিতে রয়েছে অথবা দেশে ফিরে গেলে তাদের উপর নিয়ার্তনের প্রকৃত সম্ভাবনা রয়েছে। যদি আপনাকে সুরক্ষা ভিসা দেয়া হয়, তাহলে আপনি অস্ট্রেলিয়া সরকারের অনুমতি ছাড়া যে দেশ থেকে আশ্রয় প্রার্থনা করছেন সেই দেশে যাতে পারবেন না, এমনকি আপনার পরিবার সেখানে থাকলেও।

অস্ট্রেলিয়ায় আপনার থাকার মেয়াদ বাড়ানোর উপায় ভিসাবে সুরক্ষা ভিসার জন্য আবেদন করবেন না যাতে আপনি অর্থ আয়ের জন্য একটি চাকরি নিতে পারেন।

আপনি সুরক্ষা ভিসার জন্য যোগ্য কিনা তা জানতে একজন শরণার্থী এবং অভিবাসন বিষয়ক বিশেষজ্ঞ আইনজীবীর কাছ থেকে বিনামূলে আইনি পরামর্শ নিতে আপনাকে জোরালোভাবে উৎসাহিত করা হচ্ছে।



## ২. অস্ট্রেলিয়ায় কারা সুরক্ষা ভিসার জন্য আবেদন করতে পারবেন?

সুরক্ষা ভিসা সহস্র ব্যক্তির (বা তাদের পরিবারের সদস্যদের) জন্য, যারা দেশে ফিরে গেলে প্রকৃত অর্থে গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকিতে পড়বে অথবা যাদের নিম্নোক্ত কারণে নিপীড়িত হওয়ার অত্যন্ত সম্ভাবনা আছে:

- জাতি
- ধর্ম
- জাতীয়তা
- নির্দিষ্ট কোনো সামাজিক গোষ্ঠীর সদস্যপদ অথবা
- রাজনৈতিক মতাদর্শ

যে পরিমাণ সুরক্ষা ভিসা দেয়া হয় তার চেয়ে অনেক বেশি প্রত্যাখ্যান করা হয়। গড়ে ৮৫% এরও বেশি আবেদনকারীকে প্রত্যাখ্যান করা হয় কারণ তারা ভিসার আবশ্যকতা পূরণ করে না। কিছু কিছু দেশের আবেদনকারীদের প্রত্যাখ্যানের হার ধীরে ১০০%।

আপনার পরিস্থিতির জন্য আরও উপযুক্ত অন্যান্য ভিসা থাকতে পারে। [হোম অ্যাফেয়ার্স এর ওয়েবসাইটে](#) সঠিক ভিসা খোঁজার বিষয়ে আরও তথ্য রয়েছে।

## ৩. সুরক্ষা ভিসার আবেদন যাচাইতে কত সময় লাগতে পারে?

ভিসার আবেদন যাচাইয়ের সময় কমিয়ে আনার জন্য সুরক্ষা ভিসা ব্যবস্থায় বড় পরিবর্তন আনা হচ্ছে। সাম্প্রতিক বছরগুলির তুলনায় বেশিরভাগ নতুন সুরক্ষা ভিসার আবেদন এখন প্রায় ৮ গুণ দ্রুত গতিতে নিষ্পত্তি করা হচ্ছে। এর অর্থ হল যাদের প্রযোজন তাদের জন্য দ্রুত সুরক্ষা ভিসা প্রদান করা এবং যারা কেবল অস্ট্রেলিয়ায় কাজ করা কিংবা থাকার মেয়াদ বাড়ানোর জন্য সুরক্ষা ভিসার জন্য আবেদন করে তাদের দ্রুত প্রত্যাখ্যান করা।

মনে রাখবেন যে আপনি যদি একজন অনিবাক্তি মাইগ্রেশন পরামর্শদাতার সাহায্যে সুরক্ষা ভিসার জন্য আবেদন করেন, তাহলে আপনাকে অনেক টাকা দিতে হতে পারে এবং এরপরও দ্রুত আপনার সুরক্ষা ভিসা প্রত্যাখ্যান করা হতে পারে। আপনি সুরক্ষা ভিসার জন্য যোগ্য কিনা তা জানতে শরণার্থী এবং অভিবাসন বিষয়ক বিশেষজ্ঞ আইনজীবীদের কাছ থেকে বিনামূলে আইনি পরামর্শ নেয়ার জন্য আপনাকে জোরালোভাবে উৎসাহিত করা হচ্ছে।

আপনার পরিস্থিতির জন্য আরও উপযুক্ত অন্যান্য ভিসা থাকতে পারে। [হোম অ্যাফেয়ার্স এর ওয়েবসাইটে](#) সঠিক ভিসা খোঁজার বিষয়ে আরও তথ্য রয়েছে।

## ৪. আমার সুরক্ষা ভিসা প্রত্যাখ্যান হল কী হবে?

যদি আপনার সুরক্ষা ভিসা প্রত্যাখ্যাত হয় তাহলে অন্যান্য অধিকাংশ ভিসার জন্য আবেদন করতে পারবেন না এবং আপনাকে অস্ট্রেলিয়া থেকে চলে যাতে হবে। আপনার যদি বৈধ ভিসা না থাকে, তাহলে আপনাকে আটক করে অস্ট্রেলিয়া থেকে নিজ দেশে ফেরত পাঠানো হতে পারে। একটি প্রত্যাখ্যাত সুরক্ষা ভিসার আবেদন ভবিষ্যতে আপনার এবং আপনার পরিবারের জন্য অস্ট্রেলিয়ায় আসাকে আরও কঠিন করে তুলতে পারে। এছাড়াও আপনি কোন ধরণের ভিসার জন্য আবেদন করছেন তার উপর নির্ভর করে ভবিষ্যতে অন্যান্য দেশে আপনার ভিসার আবেদন প্রভাবিত হতে পারে।

যারা সুরক্ষা ভিসা আবেদনে জাল কাগজপত্র কিংবা বিভাস্তির তথ্য প্রদান করেন তাদের জন্য গুরুতর পরিষ্কার রয়েছে, যার মধ্যে রয়েছে বড় অংকের জরিমানা, ৪০ বছর পর্যন্ত কারাদণ্ড, অথবা উভয় দণ্ড। আপনার এবং আপনার পরিবারের জন্য অস্ট্রেলিয়ায় ফিরে আসা আরও কঠিন হতে পারে, এমনকি যদি আপনি ভিজিট, স্টুডেন্ট বা [PALM ক্লিম ভিসা](#) এর মতো অস্থায়ী কাজের ভিসা নিয়েও থাকেন।

এই বছর অস্ট্রেলিয়ান বর্ডার ফোর্স অস্থায়ী ভিসার মেয়াদ শেষ হয়ে যাওয়া সুরক্ষা ভিসা আবেদনকারীদের আটক করে অস্ট্রেলিয়া থেকে নিজ দেশে ফেরত পাঠানোর উপর গুরুত্বাদীপ করে একটি নতুন অভিযান শুরু করেছে। এই অভিযান চলমান রয়েছে।

যদি আপনাকে আটক করে অস্ট্রেলিয়া থেকে নিজ দেশে ফেরত পাঠানো হয় সেক্ষেত্রে আপনাকে দেশে ফেরত পাঠানোর খরচ বহন করতে হতে পারে, যা হাজার হাজার ডলার হতে পারে।

সুরক্ষা ভিসার জন্য আবেদনের আগে আপনাকে একজন শরণার্থী এবং অভিবাসন বিষয়ক বিশেষজ্ঞ আইনজীবীর কাছ থেকে বিনামূলে আইনি পরামর্শ নিতে জোরালোভাবে উৎসাহিত করা হচ্ছে।



## মচরাচর জিজ্ঞাসিত প্রশ্নসমূহ

### ৫. যদি আমার সুরক্ষা ভিসার আবেদন প্রত্যাখ্যাত হয় তাহলে কি আমি অন্য কোনো ভিসার জন্য আবেদন করতে পারব?

যদি আপনার সুরক্ষা ভিসা প্রত্যাখ্যাত হয় তাহলে অন্যান্য অধিকাংশ ভিসার জন্য আবেদন করতে পারবেন না এবং আপনাকে অস্ট্রেলিয়া থেকে চলে যেতে হবে। এছাড়াও আপনি এবং আপনার পরিবারের পক্ষে অস্ট্রেলিয়ায় ফিরে আসা আরও কঠিন হয়ে পড়তে পারে।

সুরক্ষা ভিসার আবেদন প্রত্যাখ্যাত হওয়ার পর যদি আপনাকে আটক করে অস্ট্রেলিয়া থাকে নিজ দেশে ফেরত পাঠিয়ে দেয়া হয়, সেক্ষেত্রে আপনাকে দেশে ফেরত পাঠানোর খরচ বহন করতে হতে পারে, যা হাজার হাজার ডলার হতে পারে।

এছাড়াও আপনি কোন ধরণের ভিসার জন্য আবেদন করছেন তার উপর নির্ভর করে ভবিষ্যতে অন্যান্য দেশে আপনার ভিসার আবেদন প্রভাবিত হতে পারে।

আপনার পরিস্থিতির জন্য আরও উপযুক্ত অন্যান্য ভিসা থাকতে পারে। [অন্যান্য এর ওয়েবসাইটে](#) সঠিক ভিসা খুঁজার বিষয়ে আরও তথ্য রয়েছে।

### ৬. সুরক্ষা ভিসার আবেদনের পূর্বে কি আমার একজন মাইগ্রেশন এজেন্ট এর সাথে কথা বলা উচিত?

কেবল নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট এবং অস্ট্রেলিয়ান আইনজীবীর কাছ থেকেই সুরক্ষা ভিসার আবেদনের বিষয়ে পরামর্শ নেয়া উচিত। আপনি একজন অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তির কাছ থেকেও অভিবাসন সংক্রান্ত সহায়তা চাহিতে পারেন।

একজন অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তি হলেন এমন একজন যিনি নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট বা অস্ট্রেলিয়ান আইনজীবী নন এবং নিম্নলিখিত কোনো ব্যক্তি:

- আপনি যাকে মনোনীত করেছেন কিংবা আপনার স্পন্সর
- আপনার ঘনিষ্ঠ পারিবারিক সদস্য
- একজন সাংসদ
- কোনো কূটনৈতিক মিশনের সদস্য
- কোনো কম্পুলার পোষ্ট এর সদস্য
- কোনো আন্তর্জাতিক সংস্থার সদস্য

নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট বা অস্ট্রেলিয়ান আইনজীবী নন এমন কেউ পরামর্শ প্রদানের জন্য আপনার কাছ থেকে কোনও ফি নিতে পারবেন না। অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তির পক্ষে ফি নেওয়া বেআইনি।

নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট অস্ট্রেলিয়ান আইনজীবী কিংবা অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তি আপনাকে হয়তো ভুল পরামর্শ দেবেন, যার ফলে আপনার অস্ট্রেলিয়ায় থাকার যেকোনো সুযোগ ঝুঁকির মুখ্য পড়তে পারে।

আপনি কীসের জন্য আবেদন করছেন এবং আবেদনপত্রে কী তথ্য দেওয়া হচ্ছে তা না জেনে কাউকে আপনার জন্য সুরক্ষা ভিসার আবেদন করতে দেওয়া উচিত নয়। আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনার আবেদনের সবকিছুই সত্য, এমনকি অন্য কেউ আপনার জন্য এটি পূরণ করে জমা দিলেও।

আপনি যদি মাইগ্রেশন সংক্রান্ত পরামর্শের জন্য অর্থ প্রদান করেন তবে নিশ্চিত করুন যে এটি একটি নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট বা অস্ট্রেলিয়ান আইনজীবী কর্তৃক প্রদান করা হয়েছে। একজন মাইগ্রেশন এজেন্ট নিবন্ধিত কিনা তা আপনি [অফিস অফ মাইগ্রেশন এজেন্টস রেজিস্ট্রেশন অথরিটি](#) এর ওয়েবসাইট দেখে জেনে নিতে পারবেন।

### ৭. আমার সুরক্ষা ভিসার আবেদনে আমাকে সাহায্য করার জন্য আমি কীভাবে একজন স্বনামধন্য মাইগ্রেশন পরামর্শদাতা খুঁজে পাব?

অস্ট্রেলিয়ায়, মাইগ্রেশন এজেন্টদের অবশ্যই [মাইগ্রেশন এজেন্টস রেজিস্ট্রেশন অথরিটি \(OMARA\)](#) কর্তৃক নিবন্ধিত হতে হবে। কোনও প্রজেক্ট নিবন্ধিত কিনা তা পরীক্ষা করতে অথবা বিকল্প খুঁজে পেতে আপনি তাদের ওয়েবসাইট দেখতে পারেন।

অবৈধ অপারেটরো প্রায়শই সোশাল মিডিয়া এবং অনলাইন চ্যাট ফ্রেম্প্রোলিতে তাদের পরিষেবার বিজ্ঞাপন দিয়ে থাকে। তারা কখনও কখনও সুরক্ষা ভিসার জন্য আবেদন করার সময় আবেদনকারীদের বিদ্রোহিতের তথ্য দিতে বলে, এবং কেউ কেউ এই ভুল পরামর্শের জন্য অনেক টাকা চার্জ করে।

যদি কেউ আপনাকে বেআইনি অভিবাসন পরামর্শ দেওয়ার চেষ্টা করে, আপনি [বড়োর ওয়াচ অনলাইন রিপোর্ট](#) ব্যবহার করে আমাদের তা জানাতে পারেন। আপনাকে আপনার নাম প্রকাশ করতে হবে না।

এছাড়াও শরণার্থী ও অভিবাসন সংক্রান্ত বিশেষজ্ঞ আইনি সহায়তা প্রদানকারীদের কাছ থেকে বিনামূল্যে আইনি পরামর্শ পাওয়া যায়।



### ৮. যদি আমি সুরক্ষা ভিসার জন্য আবেদন করি তাহলে কি আমি নিজ দেশে যেতে পারব?

আপনি যখন সুরক্ষা ভিসার জন্য আবেদন করবেন, তখন আপনি যে দেশ থেকে অস্ট্রেলিয়ার সুরক্ষা চাছেন সে দেশে ভ্রমণ করলে আপনার আবেদন প্রত্যাখ্যান করা হতে পারে, এমনকি আপনার পরিবার স্থানে থাকলেও।

আপনাকে সুরক্ষা ভিসা মন্ত্রের করা হলে, আপনি অস্ট্রেলিয়ান সরকারের অনুমতি ব্যক্তি যে দেশ থেকে আশ্রয় চেয়েছেন স্থানে ভ্রমণ করতে পারবেন না, এমনকি আপনার পরিবার স্থানে বসবাস করলেও।



## মচরাচর জিজ্ঞাসিত প্রশ্নসমূহ

### ৯. সুরক্ষা ভিসার আবেদনে যদি আমি মিথ্যা তথ্য প্রদান করি, তাহলে কী হবে?

যেসকল সুরক্ষা ভিসা আবেদনকারী তাদের আবেদনে জাল কাগজপত্র প্রদান করেন বা বিভাস্তির তথ্য প্রদান করেন, তাদের জন্য ওভুরত পরিণতি রয়েছে যার মধ্যে রয়েছে বড় অংকের জরিমানা, ১০ বছর পর্যন্ত জেল, অথবা উভয় দণ্ড হতে পারে।

জরিমানা এবং জেলের ঝুঁকির পাশাপাশি, আপনার এবং আপনার পরিবারের পক্ষে আর কখনও অস্ট্রেলিয়ায় ফিরে আসা কঠিন হতে পারে, এমনকি ভিজিটর, স্টুডেন্ট বা অস্থায়ী কাজের ভিসা ঘেষন একটি [PALM ক্লিম ভিসা](#) হলেও।

আপনার ভিসা মন্ত্রুর হওয়ার পরে যদি আপনি মিথ্যা বা বিভাস্তির তথ্য দিয়েছেন বলে জানা যায়, তাহলে আপনার সুরক্ষা ভিসা বাতিল করা হতে পারে। জেনে রাখুন যে আপনি যে ধরনের ভিসার জন্য আবেদন করছেন তার উপর নির্ভর করে একটি প্রত্যাখ্যাত সুরক্ষা ভিসার আবেদন বা বাতিলকৃত সুরক্ষা ভিসা ভবিষ্যতে অস্ট্রেলিয়ার বাইরের অন্যান্য দেশে ভিসার আবেদনগুলিকে প্রভাবিত করতে পারে।

যদি কেউ সুরক্ষা ভিসার জন্য আবেদন করেন এবং আপনাকে তাদের জন্য একটি সহায়তা পত্র লিখে দিতে বলেন, তাহলে আপনার কেবল তখনই এটি করা উচিত যদি আপনি বিশ্বাস করেন যে তারা একজন আশ্রয়প্রার্থী যাদের ক্ষেত্রে দেশে ফিরে গেলে উল্লেখযোগ্য ক্ষতির ঝুঁকি অথবা তাদের উপর নির্যাতনের প্রকৃত সম্ভাবনা রয়েছে। তাদের স্টেট বা টেরিটরিতে একজন শরণার্থী ও অভিবাসন সংক্রান্ত বিশেষজ্ঞ আইনি সহায়তা প্রদানকারীর কাছ থেকে [বিনামূলে আইনি পরামর্শ](#) নিতে উৎসাহিত করুন।



### ১০. এটি কি সত্য যে সুরক্ষা ভিসা অস্ট্রেলিয়ায় থাকার এবং কাজ করার একটি উপায় হিসেবে কাজ করে?

কেবল তাদেরই সুরক্ষা ভিসার জন্য আবেদন করা উচিত যাদের ক্ষেত্রে দেশে ফিরে গেলে উল্লেখযোগ্য ক্ষতির ঝুঁকি অথবা তাদের উপর নির্যাতনের প্রকৃত সম্ভাবনা রয়েছে। যারা কেবল কাজ করার উদ্দেশ্যে অস্ট্রেলিয়ায় বেশি দিন থাকতে চান, সুরক্ষা ভিসা তাদের জন্য নয়।

কিছু কিছু ব্যবসা প্রতিষ্ঠান অস্থায়ী ভিসাধারীদের মিথ্যা তথ্য ব্যবহার করে সুরক্ষা ভিসার জন্য আবেদন করতে বলে অস্ট্রেলিয়ায় কর্মসংস্থানের সূচীগুলি প্রদান করতে পারে, যার ফলে আবেদনকারীর ভিসা প্রত্যাখ্যানের ঝুঁকি থাকে এবং তাদের বড় অংকের জরিমানা, ১০ বছর পর্যন্ত জেল, অথবা উভয় দণ্ড হতে পারে। এছাড়াও ভবিষ্যতে তাদের অন্যান্য ভিসা প্রত্যাখ্যান করা হতে পারে।

শিক্ষার্থীদেরও মিথ্যা তথ্য দিয়ে সুরক্ষা ভিসার জন্য আবেদন করে অস্ট্রেলিয়ায় থেকে যাওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। মিথ্যা তথ্য প্রদানের ফলে আবেদনকারীর ভিসা প্রত্যাখ্যানের ঝুঁকি থাকে এবং তাদের বড় অংকের জরিমানা, ১০ বছর পর্যন্ত কারাদণ্ড, অথবা উভয় দণ্ড হতে পারে।

যে পরিমাণ সুরক্ষা ভিসা দেয়া হয় তার চেয়ে অনেক বেশি প্রত্যাখ্যান করা হয়। গড়ে ৮৫% এরও বেশি আবেদনকারীকে প্রত্যাখ্যান করা হয় কারণ তারা ভিসার আবশ্যিকতা পূরণ করে না। কিছু কিছু দেশের আবেদনকারীদের প্রত্যাখ্যানের হার প্রায় ১০০%।

আপনি যদি সুরক্ষা ভিসার জন্য আবেদন করার কথা ভেবে থাকেন, তাহলে আপনি এই ভিসা পাওয়ার যোগ্য কিনা তা জানতে শরণার্থী ও অভিবাসন সংক্রান্ত বিশেষজ্ঞ আইনি সহায়তা প্রদানকারীদের কাছ থেকে [বিনামূলে আইনি পরামর্শ](#) নেওয়ার জন্য আপনাকে জোরালোভাবে উৎসাহিত করা হচ্ছে। আপনার পরিস্থিতির জন্য আরও উপযুক্ত অন্যান্য ভিসা থাকতে পারে।

### ১১. এমন কেউ কি আছে যার সাথে আমি বিনামূলে পরামর্শ নেয়ার জন্য কথা বলতে পারি?

কেউ সুরক্ষা ভিসার জন্য যোগ্য কিনা তা বুঝতে সাহায্য করার জন্য অস্ট্রেলিয়ার সরকার শরণার্থী ও অভিবাসন সংক্রান্ত বিশেষজ্ঞ আইনি সহায়তা প্রদানকারীদের কাছ থেকে [বিনামূলে আইনি পরামর্শ](#) প্রদান করছে।



আরও তথ্য জানার জন্য আপনি  
[হাম আফেয়ার্স ওয়েবসাইটেও](#)  
দেখতে পারেন।

